

💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

হাজ্জ ও উমরার ক্ষেত্রে নাবী (সাঃ) এর পবিত্র সুন্নাত

তিনি হিজরতের পর চারটি উমরাহ করেছেন। বিদায় হজ্জের বছর হজ্জের সাথে যেই উমরা করেছেন তা ব্যতীত প্রত্যেকটিই ছিল যুল-কাদ মাসে।

- ১. হুদায়বিয়ার সন্ধির বছর ৬ ছ হিজরীতে তিনি প্রথম উমরার জন্য বের হন। কিন্তু মুশরিকরা কাবা ঘর পর্যন্ত যেতে বাঁধা প্রদান করে। তাই যেখানে তিনি এবং তাঁর সাহাবীগণ বাধা প্রাপ্ত হয়েছিলেন সেখানেই কুরবনীর পশু জবাই করে হালাল হয়ে যান।
- ২. হুদায়বিয়ার বছর যেই উমরাটি করতে পারেন নি, তা পরের বছর কাযা করেছেন। মক্কায় প্রবেশ করে তিন দিন অবস্থান করেন এবং উমরাহ আদায় করে মক্কা থেকে বের হয়ে আসেন।
- ৩. তার সেই উমরাহ, যা তিনি বিদায় হজ্জের বছর হজ্জের সাথে মিলিয়ে আদায় করেছেন।
- ৪. 'জি-ইর্রানা' নামক স্থান থেকে ফেরত আসার সময় আরেকটি উমরাহ করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3807

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন